গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়, রংপুর।
ই-মেইল- addirrngdiv@dnc.gov.bd

নং- ৫৮.০২.০০০০.১৩৩.০১.০১৭.১৮. ৭৩৬ তারিখ: ০২/১১/২০২৫।

বিষয়: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মামলা পরিচালনা সংক্রান্ত প্রজ্ঞাপন প্রেরণ।
সূত্র : স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর ১১/১১/১৯৯৩ খ্রি. তারিখের ১০১৪ নং প্রজ্ঞাপন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসন শাখা হতে জারীকৃত ১১/১১/৯৩ খ্রি. তারিখের নং- বিবিধ-২০/৯১-সৃঃমঃ(প্রঃ)/ ১০১৪ সংখ্যক প্রজ্ঞাপনে অধিদপ্তরের দায়েরকৃত মাদক মামলা পরিচালনার দায়িত্বভার প্রসিকিউটর/ সহকারী প্রসিকিউটরের উপর ন্যস্ত করা হয়েছে। প্রজ্ঞাপনের নির্দেশনা অনুযায়ী আদালতে নির্ধারিত মামলার তারিখে মামলা পরিচালনায় সরকার পক্ষে কোন প্রকার গাফিলতি যাতে না হয় সে বিষয়ে লক্ষ্য রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

সংযুক্ত : ০২ (দুই) পাতা।

02/11/2025

(মো. মাসুদ হোসেন)
অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন- ০২৫৮৯৯৬১৯১৭

১। উপপরিচালক/ সহকারী পরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, রংপুর/ গাইবান্ধা/ কুড়িগ্রাম/ লালমনিরহাট/
নীলফামারী/ দিনাজপুর/ ঠাকুরগাঁও/ পঞ্চগড়।
২। প্রসিকিউটর/ সহকারী প্রসিকিউটর
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, রংপুর/ গাইবান্ধা/ কুড়িগ্রাম/ লালমনিরহাট/
নীলফামারী/ দিনাজপুর/ ঠাকুরগাঁও/ পঞ্চগড়।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
০১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. পরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. অফিস কপি।

রেজিস্টার্ড নং ডি এ-১ | ১৯৯২ সনের ৫২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৪, ১৯৯২

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়

### প্রশাসন শাখা

### আদেশ

তারিখ, ৪ঠা নভেম্বর ১৯৯২

নং বিবিধ-২০/৯১-স্বঃমঃ(আইন)/৯৯৭—সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর বিধান অনুসারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দায়েরকৃত মামলাসমূহে সি, আর কেইস এর পরিবর্তে জি, আর কেইস হিসাবে বিবেচিত হইবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর ৩৯(১)/(২) এর ধারায় বর্ণিত ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হইবে :—

১। ফৌজদারী কার্যবিধি এর ১৫৬ ধারায় একজন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার ক্ষমতা সম্পর্কে যে ব্যাখ্যা প্রদান করা হইয়াছে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ এর মামলাসমূহের তদন্ত পরিচালনাকালে মহা পরিচালক কর্তৃক ক্ষমতা প্রাপ্ত একজন কর্মকর্তা অনুরূপ ক্ষমতা প্রয়োগ করিবেন;

২। মামলা পরিচালনার ক্ষেত্রের পুলিশ বিভাগের থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ বাদী হিসাবে জি, আর মামলা-সমূহ পরিচালনায় যে সকল ক্ষমতা ভোগ করেন বা যে পদ্ধতি অনুসরণ করেন এবং আদালতে ও আইনের দৃষ্টিতে যেভাবে বিবেচিত হয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সকল পরিদর্শক বা সকল পরিদর্শকের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা অথবা উক্ত অধিক্ষেত্রের দায়িত্বে নিয়োজিত তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাগণ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত দায়েরকৃত মামলা পরি-চালনার ক্ষেত্রে বাদী হিসাবে অনুরূপ ক্ষমতা প্রয়োগ করিবেন, পদ্ধতি অনুসরণ করিবেন এবং আদালতেও আইনের দৃষ্টিতে অনুরূপভাবে বিবেচিত হইবে;

৩। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রসিকিউটর ও সহ-কারী প্রসিকিউটরগণ মামলা পরিচালনার ক্ষেত্রে কোর্ট সাব-ইন্সপেক্টরের অনুরূপ ক্ষমতা প্রয়োগ করিবেন এবং কোর্টে যে সকল ফরম ব্যবহৃত হয় তাহারাও ঐ সকল ফরম ব্যবহার করিবেন;

৪। দুর্নীতি দমন ব্যুরোর অনুরূপ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত প্রতিটি মামলা নিকটস্থ থানার এজাহার হইবে তবে মামলা তদন্ত ও পরিচালনার এখতিয়ার অধি-দপ্তরের ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাদের থাকিবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

মনযুর-উল-করীম
স্বরাষ্ট্র সচিব।

P.T.O

১৬৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন শাখা

নং-বিবিধ-২০/৯১-স্বঃমঃ(প্রঃ)/১০১৪ তারিখ- ১৭/৭/১৪০০বাং/১১/১১/৯৩ইং

প্রজ্ঞাপন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন,১৯৯০ এর আওতায় অপরাধ সমূহ আদালতে কমপ্লেইন রেজিষ্টারভুক্ত(সিআর) মামলা হিসাবে বিবেচিত হওয়ার পরিবর্তে জেনারেল রেজিষ্টারভুক্ত(জিআর) মামলা হিসাবে বিবেচনা করার জন্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে জারীকৃত ৪/১১/৯২ইং তারিখের নং-বিবিধ-২০/৯১-স্বঃমঃ(আইন)/৯৯৭ সংখ্যক আদেশের অনুবৃত্তিক্রমে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সর্ব পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে উক্ত আদেশ প্রতিপালনের লক্ষে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করার জন্যে নির্দেশ দেয়া যাচ্ছেঃ

(ক) সার্কেলের দায়িত্বে নিয়োজিত পরিদর্শক অথবা তদূর্ধ কর্মকর্তা নিকটবর্তী থানায় এজাহার দাখিল করে এক কপি সার্কেলে সংরক্ষণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে অবহিত করবেন। সংশ্লিষ্ট বিধি মোতাবেক আলামত সংরক্ষণ করবেন এবং আসামীকে ২৪(চব্বিশ) ঘন্টার মধ্যে একটি প্রতিবেদনসহ সংশ্লিষ্ট কোর্টে সোপর্দ করবেন ;

(খ) মামলা তদন্ত ও পরিচালনা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর দায়িত্ব হিসাবে গণ্য হবে ;

(গ) তদন্তকারী কর্মকর্তা থানা হতে মামলার নম্বর সংগ্রহ করে আদালতে নিয়োজিত প্রসিকিউটর/সহকারী প্রসিকিউটর/তত্ত্বাবধায়ক/পরিদর্শক এর মাধ্যমে চার্জশীট দাখিল করবেন ;

(ঘ) প্রসিকিউটর/সহকারী প্রসিকিউটর/তত্ত্বাবধায়ক/পরিদর্শকগণ মামলা পরিচালনার ক্ষেত্রে কোর্ট ইনস্পেক্টর/সাব-ইনস্পেক্টরের অনুরূপ ক্ষমতা প্রয়োগ করার লক্ষ্যে কোর্টে ব্যবহৃত ফরম সংগ্রহ করবেন এবং মামলা পরিচালনা করবেন ;

(ঙ) যে সকল স্থানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রসিকিউটর/ সহকারী প্রসিকিউটর বা সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা পদস্থ নাই, সে সকল স্থানে আদালতে পুলিশের এসআই/সিএসআই মামলা পরিচালনার দায়িত্ব পালন করবেন ;

(চ) আদালতে নির্ধারিত মামলার তারিখে মামলা পরিচালনায় সরকার পক্ষে কোন প্রকার গাফিলতি যাতে না হয় সে লক্ষ্য রাখতে হবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষর- অস্পষ্ট
(মোঃ ফয়জুর রহমান চৌধুরী)
অতিরিক্ত সচিব

নিয়ন্ত্রণ,